

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-১ অধিশাখা
www.lgd.gov.bd

নথি নং- ৪৬.০১৭.০২৮.০০.০০.০০১.২০১১. ২০৬৬

তারিখ : ২৪ অগ্রহায়ণ, ১৪২৩
৮ ডিসেম্বর, ২০১৬

বিষয় : শেরপুর জেলার সদর উপজেলাধীন ১০ নং চরপক্ষীমারী ইউনিয়ন কাউন্সিল কাম ইউনিয়ন অফিস
ভবন খালি করে জমির দখল বুঝিয়ে দেয়া সংক্রান্ত।

সূত্র : জেলা প্রশাসক, শেরপুর কার্যালয়ের পত্র নং-২১৯, তারিখ : ২০/১০/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে, শেরপুর জেলার সদর উপজেলার চরপক্ষীমারী ইউনিয়ন পরিষদের অনুকূলে দানকৃত ০.৩৩ একর জমি ফেরৎ প্রদানের বিষয়ে নিম্নোক্ত তথ্যাদি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- (ক) প্রস্তাবিত ০.৩৩ একর জমি দলিল দাতার ওয়ারিশগণের বরাবর হস্তান্তর করার বিষয়ে ইউপি সভার সকল সদস্যের স্বাক্ষরিত কার্য-বিবরণী মূল/সত্যায়িত ছায়াছবি (উপজেলা নির্বাহী অফিসার দ্বারা সত্যায়িত হতে হবে);
- (খ) জেলা প্রশাসকের ০৫/০৫/২০১৬ তারিখের পত্রে উক্ত দানকৃত জমি চরপক্ষীমারী ইউপির নামে চূড়ান্তভাবে রেকর্ড করা হয়েছে মর্মে উল্লেখ করা হয়েছে। জমির পর্যা পরীক্ষান্তে দেখা যায়, প্রস্তাবিত জমিটি বিআরএস খতিয়ান মূলে ০.১৫ একর জমি চরপক্ষীমারী ইউপির নামে এবং অবশিষ্ট জমি জনাব উহাজ উদ্দিন গং এবং জনাব মুনছুর আলী এর নামে রেকর্ড রয়েছে। ফলে প্রস্তাবিত ০.৩৩ একর জমি সম্পূর্ণ ইউপির নামে রেকর্ড না হওয়ার কারণ এবং উক্ত জমি আবেদনকারীর অনুকূলে ফেরৎ প্রদানের বিষয়ে অন্যান্য অংশীদারদের কোন আপত্তি রয়েছে কিনা সে বিষয়ে প্রতিবেদন; এবং
- (গ) উক্ত জমি বর্তমানে কি অবস্থায় রয়েছে এবং জমি ফেরৎ প্রদানের বিষয়ে জেলা প্রশাসক, শেরপুর এর সুস্পষ্ট মতামত।

(মোঃ মাহাবুবুর রহমান)

উপসচিব

ফোন : ৯৫৮৬৬০৫

জেলা প্রশাসক
শেরপুর।

অনুলিপি :

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।